Advocates for Children of New York
Protecting every child's right to learn

# কিন্ডারগার্টেনে ভর্তি সম্পর্কে: 2019 সালে জন্মগ্রহণ করা শিশুদের পরিবারের জন্য নির্দেশিকা

আপনার সন্তান যদি 2019 সালে জন্মে থাকে, তাহলে 2024 এর সেপ্টেম্বার মাসে সে কিন্ডারগার্টেনে প্রবেশ করবে। নিউইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন (DOE)-র কিন্ডারগার্টেনে ভর্তির প্রক্রিয়া চলাকালীন আপনি একটি অ্যাপলিকেশন ব্যবহার করে আপনার সন্তানের জন্য স্কুলে আবেদন করতে পারেবেন। যেসব শিক্ষার্থীর কোনও প্রতিবন্ধকতা আছে, যারা ইংরাজি ভাষা শিখছে, অস্থায়ী বাসস্থানে থাকে এবং বর্তমানে প্রাক-কিন্ডারগার্টেন (pre-k) শিক্ষার্থীর পরিবার সহ যেসকল শিক্ষার্থী কিন্ডারগার্টেনে যাবে তাদের পরিবার এই প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবেন এবং করা উচিত। আপনার যাতে এই প্রক্রিয়া বুঝতে ও নিজের সন্তানের জন্য গুরুত্বপূর্ণ পদক্ষেপের প্রস্তুতি নিতে সাহায্য হয় তার জন্য অ্যাডভোকেটস ফর চিল্ডরেন এই নির্দেশিকা সংকলিত করেছেন।

## কিন্ডারগার্টেনে ভর্তি হওয়ার প্রক্রিয়ার সময়সূচী

### *নভেম্বার ও ডিসেম্বার 2023: আপনার বিকল্প খুঁজে দেখুন*

আপনার জোনে স্কুল থাকলে আপনাকে সেই স্কুল এবং স্কুলের ডিসট্রিক্ট নির্ধারিত করতে হবে (3 নম্বর প্রশ্ন দেখুন)। নিজের জোনের স্কুলে অফার পাওয়ার সর্বোচ্চ অগ্রাধিকার আপনার রয়েছে। আপনি নিজের জোনের স্কুল এবং অন্যান্য স্কুলের বিকল্প অনলাইনে এখানে খুঁজে দেখতে পারেন schoolsearch.schools.nyc এবং MySchools.nyc/schools স্কুল কোনও ভার্চুয়াল ট্যুর বা অনলাইন তথ্যের সেশন প্রদান করছে কি না সেই সম্পর্কে এবং তাদেরকে প্রোগ্রাম সংক্রান্ত কোনও প্রশ্ন জিজ্ঞাসা করতে স্কুলে যোগাযোগ করার জন্য আপনি অনলাইন তথ্য ব্যবহার করতে পারেন। কোথায় আবেদন করবেন সেই সিদ্ধান্ত নিতে আরও তথ্যের জন্য 6 নম্বর প্রশ্ন দেখুন।

### *5 ডিসেম্বার 2023 থেকে 19 জানুয়ারি 2024: স্কুলে আবেদন করুন*

DOE-র আবেদনপত্রের মাধ্যমে আপনি সর্বাধিক 12টি স্কুলে আবেদন করতে পারবেন। অ্যাপলিকেশনের সময়কালে আপনি আলাদা করে স্কুলে গিয়ে আবেদন করবেন **না**। আপনার ভালো লাগা সব স্কুলের নাম একটি আবেদনপত্রে আপনার পছন্দ অনুযায়ী তালিকাভুক্ত করবেন।

অ্যাপলিকেশনের সময়কালে তিনটি উপায়ে আবেদন করা যাবে:

1. এখানে অনলাইনে আবেদন করুন MySchools.nyc;
2. সোমবার থেকে শুক্রবার সকাল 8টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত 718-935-2009-এ কল করুন; অথবা
3. পারিবারিক স্বাগত কেন্দ্র-তে যান।

অ্যাপলিকেশন প্রক্রিয়া সম্পর্কে প্রশ্ন থাকলে বা আরও সহায়তা লাগলে আপনি DOE-কে এখানে ESEnrollment@schools.nyc.gov ইমেল করতে পারেন অথবা এখানে পারিবারিক স্বাগত কেন্দ্র-তে যোগাযোগ করতে পারেন (যোগাযোগের তথ্যের জন্য 17 নম্বর প্রশ্ন দেখুন)।

অনলাইন অ্যাপলিকেশনটি 10টি ভাষায় পাওয়া যাবে: আরবী, বাংলা, চীনা, ইংরাজি, ফরাসী, হাইতীয়, ক্রেওল, কোরীয়, রুশ, স্পেনীয় এবং উর্দু। যেসকল পরিবার ফোনের মাধ্যমে বা পারিবারিক স্বাগত কেন্দ্র-এ আবেদন করেন তাদের সাহায্যার্থে DOE 200টির বেশি ভাষায় দোভাষী প্রদান করে।

## *2023-এর বসন্ত: অফার গ্রহণ করে রেজিস্টার করুন*

19 জানুয়ারি 2024 এর মধ্যে যারা আবেদন করবেন এমন সব পরিবারকে 27 মার্চ 2024-এ কিন্ডারগার্টেনে ভর্তির অফার মেল করা হবে। যে নির্দিষ্ট স্কুলে তাদের সন্তানকে আসন অফার করা হয়েছে সেই অফার সকল পরিবারকে গ্রহণ করতে হবে।

অফার গ্রহণ করার তিনটি উপায় আছে:

1. এখানে MySchools.nyc (যেসকল পরিবার অনলাইনে আবেদন করেছিলেন);
2. DOE এনরোলমেন্ট অফিসে 718-935-2009-এ ফোনের মাধ্যমে বা ESenrollment@schools.nyc.gov-এ ইমেল করে; অথবা
3. যে স্কুল থেকে আপনি অফার পেয়েছেন তাদের সাথে যোগাযোগ করে।

2024 সালের সেপ্টাম্বার মাসে স্কুল শুরু হওয়ার আগে আপনাকে নিজের সন্তানকে রেজিস্টার করাতে হবে। আপনি অফার গ্রহণ করলে, স্কুল আপনার সাথে রেজিস্ট্রেশনের তথ্য নিয়ে যোগাযোগ করবে। আপনার যা প্রয়োজন:

- **আপনার সন্তানের বয়েসের একটি প্রমাণপত্র,** যেমন বার্থ সার্টিফিকেট, পাসপোর্ট, বা খ্রিষ্ট ধর্মে দীক্ষিত হওয়ার রেকর্ড; এবং
- **আপনার ঠিকানার দুটি প্রমাণ।** আপনি কোনও লীজ, দলিল বা বন্ধকের লিখিত বিবৃতি; গ্যাস, বিদ্যুৎ, জল, কেবল, বা প্রোপার্টির ট্যাক্সের বিল; ভাড়ার রসিদ; অফিসের মাইনের নথিপত্র; ভোটার রেজিস্ট্রেশন সংক্রান্ত নথিপত্র; কোনও সরকারি এজেন্সি থেকে নথিপত্র, সরকার প্রদত্ত সনাক্তকরণ (IDNYC কার্ড সহ); ড্রাইভারের লাইসেন্স; আয়কর ফর্ম; নিবাস ভিত্তিক সদস্যতার নথিপত্র (উদাহরণস্বরূপ - প্রতিবেশী আবাসিক সমিতি); অথবা বাচ্চার রক্ষণাবেক্ষণের প্রমাণ দিতে পারেন। আপনি ফোনের বিল, ক্রেডিট কার্ডের বিল বা স্বাস্থ্য বিমা কার্ড ব্যবহার করতে পারবেন *না*। আপনি যদি অন্য কোনও পরিবারের সাথে থাকেন অথবা অস্থায়ী আবাসনে থাকেন তার প্রমাণ কীভাবে দেবেন, সেই সংক্রান্ত তথ্যের জন্য 14 নবর প্রশ্ন দেখুন।

আপনাকে নাগরিকত্বের প্রমাণ বা সামাজিক সুরক্ষা নম্বর প্রদান করতে হবে না। প্রমাণস্বরূপ ব্যবহার করতে পারেন এমন অতিরিক্ত নথিপত্রের জন্য DOE-র রেজিস্ট্রেশন চেকলিস্ট পর্যালোচনা করুন।

অফার গ্রহণ করে কোনও স্কুলে রেজিস্টার করলে তার জন্য পরে অন্য কোনও স্কুলের অপেক্ষার তালিকা থেকে অফার পাওয়া আটকাবে না, কোনও বিশেষায়িত (ডিস্ট্রিক্ট 75) স্কুলের অফার বা চার্টার স্কুলের অফার। আপনি একবার কোনও স্কুলে রেজিস্টার করলে, আপনার সন্তান সেপ্টেম্বার মাসে সেই স্কুলে যেতে পারবে যদি আপনার সন্তান সেই আসনের জন্য তখনও যোগ্য থাকে।[1]

[1] আপনার সন্তানকে একবার কোনও স্কুলে রেজিস্টার করলে, আপনার সন্তান সেপ্টেম্বার মাসে সেই স্কুলে যেতে পারবে যদি শিক্ষার্থীটি সেপ্টেম্বারের আসনের জন্য তখনও যোগ্য থাকে। যেমন, কোনও শিক্ষার্থী যদি অন্য জায়গায় চলে যায় এবং

**অপেক্ষার তালিকা:** নিজের অ্যাপলিকেশনে আপনি যদি একাধিক স্কুলের জন্য আবেদন করে থাকেন, তাহলে আপনি যে স্কুলে অফার পেয়েছেন তার থেকে যেকোনও স্কুলে যেখানে বেশি র‍্যাঙ্ক করেছেন তাদের অপেক্ষার তালিকায় অটোমেটিক্যালি আপনার সন্তানের নাম চলে যাবে। আপনি বসন্তে একটি অফার গ্রহণ করতে পারেন *এবং* যেসকল স্কুলে আপনি বেশি র‍্যাঙ্ক করেছেন তাদের অপেক্ষার তালিকায় থাকোতে পারেন। (7 নম্বর প্রশ্ন দেখুন।) কোনও স্কুল যদি অপেক্ষার তালিকা থেকে আপনাকে একটি আসন অফার করতে সক্ষম হয় তাহলে স্কুলটি আপনাকে সরাসরি যোগাযোগ করবে।

# কিন্ডারগার্টেন অ্যাডমিশন সম্পর্কে প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## *1. সেপ্টেম্বার 2024-এ কিন্ডারগার্টেনে যাওয়ার জন্য কে যোগ্য?*

সমস্ত বাচ্চা যারা 2019 সালে জন্মেছে এবং নিউ ইয়র্ক শহরে বসবাস করে তারা সেপ্টেম্বার 2024-এ কিন্ডারগার্টেন শুরু করার জন্য যোগ্য বিবেচিত হবে। DOE-কে 2019 সালে জন্মানো যেকোনও বাচ্চাকে যার মাতাপিতা তাকে কিন্ডারগার্টেনে ভর্তি করতে চাইছেন, *অবশ্যই* কিন্ডারগার্টেনে আসন দিতে হবে। আপনি চাইলে নিজের সন্তানকে কিন্ডারগার্টেনে নাও পাঠাতে পারেন, কিন্তু পরের বছর আপনি যদি তাকে কোনও NYC পাবলিক স্কুলে পাঠান তাহলে আপনার সন্তানকে প্রথম গ্রেডে রাখা হবে যদি না প্রধান শিক্ষক সিদ্ধান্ত নেন যে অন্য কোনও গ্রেডে দেওয়া নির্দেশানুযায়ী আরও যথাযত হবে এবং তত্ত্বাবধায়ক সেই সিদ্ধান্তকে অনুমোদন করেন যে শিক্ষার্থী অন্য গ্রেডে যাবে।

## *2. আমার সন্তান প্রাক-কিন্ডারগার্টেনে থাকলে আমাকে কি কিন্ডারগার্টেনে আবেদন করতে হবে?*

হ্যাঁ! কিন্ডারগার্টেনের আসন সুরক্ষিত করতে বর্তমানে প্রি-কে তে থাকা সমস্ত শিক্ষার্থীদের কিন্ডারগার্টেনে আবেদন করতে হবে। ডিস্ট্রিক্ট পাবলিক স্কুলে প্রি-কে তে থাকা বাচ্চারা কিন্ডারগার্টেনের জন্য অটোমেটিক্যালি সেই একই স্কুলে থাকে না।

## *3. কীভাবে আমার ডিস্ট্রিক্ট এবং জোনের স্কুল খুঁজে পাব?*

লোকেশনের উপর ভিত্তি করে নিউ ইয়র্ক শহর 32টি স্কুল **ডিস্ট্রিক্ট**-এ বিভক্ত। বেশিরভাগ ডিস্ট্রিক্ট আবার **জোন** নামে ছোট ছোট ভৌগলিক অঞ্চলে বিভক্ত। সবথেকে প্রাথমিক স্কুল হলো **জোনের স্কুল** যারা সেই জোনে থাকা বাচ্চাদের ভর্তির অগ্রাধিকার দেয়। 1, 7, বা 23 ডিস্ট্রিক্টে থাকে এমন শিক্ষার্থী ছাড়া প্রত্যেকের জোনে অন্তত একটি স্কুল আছে। নিজের ডিস্ট্রিক্ট এবং জোনের স্কুল খুঁজতে, MySchools.nyc/schools বা schoolsearch.schools.nyc-এ গিয়ে নিজের বাড়ির ঠিকানা, বোরো এবং বাচ্চার গ্রেড ("কিন্ডারগার্টেন") লিখুন এবং "অনুসন্ধান করুন"-এ ক্লিক করুন। আপনার ডিট্রিক্ট নম্বর সহ আপনার ঠিকানার জন্য জোন করা স্কুলের নাম ও যোগাযোগের তথ্য দেখতে পাবেন। এছাড়াও আপনি 311 নম্বরে কল করে এই তথ্য পাবেন।

---

এখন স্কুলের জোনের বাইরে থাকে এবং সেই স্কুলে জোনের বাইরের শিক্ষার্থীদের জন্য কোনও স্থান না থাকে তাহলে সেই শিক্ষার্থীর অফারটি চলে যাবে।

## *4. আমি যদি 1, 7, বা 23 ডিস্ট্রিক্টে থাকি তাহলে কী হবে?*

ডিস্ট্রিক্ট 1 (লোয়ার ইস্ট সাইড, ম্যানহাটন), ডিস্ট্রিক্ট 7 (সাউথ ব্রঙ্কস) এবং ডিস্ট্রিক্ট 23 (ব্রাউন্সভিলে, ব্রুকলিন) কে জোন বিহীন ডিস্ট্রিক্ট বলা হয়। এদের কোনও জোন স্কুল নেই এবং এরা ভর্তির অগ্রাধিকারের ভিন্ন তালিকা মেনে চলে। যেসকল পরিবার ডিস্ট্রিক্ট 1 ও ডিস্ট্রিক্ট 23 এ থাকে তাদের ওখানকার ডিস্ট্রিক্টের সব স্কুলে অগ্রাধিকার আছে। ডিস্ট্রিক্ট 7 উত্তর ও দক্ষিণ অঞ্চলে বিভক্ত এবং শিক্ষার্থীরা তাদের অঞ্চলের স্কুলে অগ্রাধিকার পাবে। ভাইবোন এবং বর্তমানে প্রি-কে শিক্ষার্থীদের তিনটি ডিস্ট্রিক্টই ভর্তির অগ্রাধিকার দেয়। প্রত্যেক স্কুলের ভর্তির অগ্রাধিকার সম্পর্কে আপনি তাদের MySchools.nyc পেজ থেকে আরও জানতে পারবেন।

বৈচিত্র্য আরও বাড়িয়ে তোলার প্রচেষ্টায়, ডিস্ট্রিক্ট 1এর প্রতিটি স্কুল সেইসব শিক্ষার্থী যারা বিনামূল্যে বা কম দামে লাঞ্চ পাওয়ার জন্য উপযুক্ত, যে শিক্ষার্থীরা অস্থায়ী আবাসনে থাকে, এবং সেই শিক্ষার্থী যাদের বাড়ির ভাষা ইংরেজি নয় তাদের কিছু শতাংশ আসনের অগ্রাধিকার দিয়ে থাকে। ডিস্ট্রিক্ট 1এর আবেদনকারীদের অবস্থার উপর শতকরা হার নির্ভর করে। ডিস্ট্রিক্ট 1এর স্কুল এবং ভর্তি হওয়া সম্পর্কিত আরও তথ্যের জন্য, আপনি এখানে district1nyc.com ডিস্ট্রিক্ট 1এর ওয়েবসাইটে যেতে পারেন বা এখানে ইমেল করতে পারেন D1FamiliesNYC@gmail.com।

## *5. কীভাবে শিক্ষার্থীদের স্কুলের জন্য বেছে নেওয়া হয়?*

ভর্তির বিষয়টি আগে আসলে, আগে পাবে এমন নয়। নির্দিষ্ট সময়সীমার মধ্যে গৃহীত সকল আবেদনপত্র ভর্তির অগ্রাধিকার অনুযায়ী সমান ভাবে বিচার করা হবে।

যারা আবেদন করেছে তাদের সবাইকে যেহেতু অনেক স্কুল ভর্তি করতে পারে না, ভর্তির অফার অগ্রাধিকারের তালিকার উপর ভিত্তি করে যথযথভাবে করা হয়। DOE-র কিন্ডারগার্টেন অ্যাডমিশন ওয়েবসাইট জোন অন্তর্গত স্কুল এবং জোন বহির্ভূত স্কুলে ভর্তির অগ্রাধিকার সম্পর্কে বিস্তারিত জানায়।

বেশিরভাগ স্কুল হল **জোন অন্তর্গত স্কুল** যারা শিক্ষার্থীদের নিচের অগ্রাধিকার অনুযায়ী গ্রহণ করে*:

1. 2024-25 স্কুল বছরে যেসকল বাচ্চারা সেই জোনের স্কুলের আওতায় পড়বে এবং স্কুলে তাদের ভাইবোন** থাকবে;
2. অন্যান্য বাচ্চা যারা সেই জোনের স্কুলের জন্য নির্ধারিত;
3. যে বাচ্চারা সেই স্কুলের ডিস্ট্রিক্টে থাকে (কিন্তু স্কুলের জোনের জন্য নির্ধারিত নয়) এবং 2024-25 স্কুল বছরে স্কুলে তাদের ভাইবোন যাবে;
4. যে বাচ্চারা ডিস্ট্রিক্টের বাইরে থাকে এবং 2024-25 স্কুল বছরে স্কুলে তাদের ভাইবোন যাবে;
5. যে বাচ্চারা ডিস্ট্রিক্টে থাকে এবং বর্তমানে স্কুলের প্রি-কে প্রোগ্রামে ভর্তি আছে;
6. যে বাচ্চারা ডিস্ট্রিক্টের বাইরে থাকে এবং বর্তমানে স্কুলের প্রি-কে প্রোগ্রামে ভর্তি আছে;
7. অন্যান্য আর সব বাচ্চারা যারা ডিস্ট্রিক্টে থাকে;
8. অন্যান্য আর সব বাচ্চারা যারা ডিস্ট্রিক্টের বাইরে থাকে।

কিছু স্কুল **জোন-বহির্ভূত স্কুল** হয়, যারা ভাইবোন, সেই স্কুলের প্রি-কে শিক্ষার্থী এবং ডিস্ট্রিক্টে থাকা বাচ্চাদের অগ্রাধিকার দেয়। বেশিরভাগ জোন-বহির্ভূত স্কুল*** নিম্নলিখিত অগ্রাধিকার অনুযায়ী শিক্ষার্থী গ্রহণ করে:

1. যে বাচ্চারা ডিস্ট্রিক্টে থাকে এবং স্কুলে তাদের ভাইবোন যাবে;
2. যে বাচ্চারা ডিস্ট্রিক্টের বাইরে থাকে এবং স্কুলে তাদের ভাইবোন যাবে;
3. যে বাচ্চারা ডিস্ট্রিক্টে থাকে এবং বর্তমানে স্কুলের প্রি-কে প্রোগ্রামে ভর্তি আছে;
4. যে বাচ্চারা ডিস্ট্রিক্টের বাইরে থাকে এবং বর্তমানে স্কুলের প্রি-কে প্রোগ্রামে ভর্তি আছে;

5. অন্যান্য আর সব বাচ্চারা যারা ডিস্ট্রিক্টে থাকে;
6. অন্যান্য আর সব বাচ্চারা যারা ডিস্ট্রিক্টের বাইরে থাকে।

** কিছু জোন-অন্তর্গত ও জোন-বহির্ভূত স্কুলে, আরও বৈচিত্র্য আনার জন্য DOE অনুমোদিত অতিরিক্ত অগ্রাধিকার ক্যাটাগরি থাকতে পারে। এই স্কুলগুলি এখানে অনলাইনে তালিকাভুক্ত করা আছে schools.nyc.gov/DiversityAdmissions প্রতিটি স্কুলের ভর্তির অগ্রাধিকার সম্পর্কে জানার জন্য MySchools.nyc দেখুন।*

*** আবেদনকারীর পিতা বা মাতার আলাদা সন্তান, বৈমাত্রেয় ভাইবোন, পালিত ভাইবোন যারা একই বাড়িতে থাকে এমন সবাই ভাইবোনের মধ্যে অন্তর্ভুক্ত। ভাইবোন সম্পর্কিত অগ্রাধিকার পেতে, সেই ভাই বা বোনকে 2024-25 স্কুল বছরের মধ্যে স্কুলের কিন্ডারগার্টেনে বা উঁচু ক্লাসে ভর্তি হতে হবে অথবা 2024-25 স্কুল বছরের জন্য ডিসট্রিক্ট 75 প্রোগ্রামে ভর্তি হতে হবে যা সেই একই স্কুলের বিল্ডিঙের মধ্যে হতে হবে যেখানে শিক্ষার্থী আবেদন করছে।*

**** দ্রষ্টব্য: কিছু জোন-বহির্ভূত স্কুলের নিজস্ব অগ্রাধিকার কাঠামো থাকে। প্রতিটি জোন-বহির্ভূত স্কুলের অগ্রাধিকার কাঠামো অনলাইন তালিকায় MySchools.nyc এখানে দেওয়া আছে।*

1, 7, এবং 23 ডিস্ট্রিক্ট হলো জোন-বহির্ভূত ডিস্ট্রিক্ট। আরও তথ্যের জন্য 4 নম্বর প্রশ্ন দেখুন।

অফার করার জন্য, স্কুল প্রথমে সর্বোচ্চ অগ্রাধিকারের শিক্ষার্থীদের বিবেচনা করে। প্রথম অগ্রাধিকারের সকল শিক্ষার্থী অফার পাওয়ার পরে আসন উপলভ্য থাকলে, স্কুল তখন দ্বিতীয় অগ্রাধিকারের শিক্ষার্থীদের বিবেচনা করবে, এবং এইভাবেই সব আসন ভর্তি না হওয়া পর্যন্ত চলতে থাকবে। যেমন, জোন-বহির্ভূত শিক্ষার্থীদের অফার করার আগে সকল জোন-অন্তর্গত শিক্ষার্থীকে জোন-অন্তর্গত স্কুলে ভর্তি করতে হবে। যদি কোনও আগ্রাধিকার গ্রুপে উপলভ্য আসনের থেকে বেশি শিক্ষার্থী থাকে তাহলে সেই অগ্রাধিকার গ্রুপের শিক্ষার্থীদের প্রথমে অফার দেওয়া হবে যাদের অ্যাক্সেস যোগ্য স্কুল প্রয়োজন এবং এরপর সেই অগ্রাধিকার গ্রুপের অন্যান্য শিক্ষার্থীদের যথেচ্ছভাবে অফার দেওয়া হবে। তাই, উদাহরণস্বরূপ, কোনও জোন-অন্তর্গত স্কুল যদি সেই ডিস্ট্রিক্টে থাকা কিছু জোন-বহির্ভূত শিক্ষার্থীকে আসন অফার করতে পারে যাদের ভাইবোন 2024-25 স্কুলের বছরে ভর্তি হবে (অগ্রাধিকার গ্রুপ 3), কিন্তু সেই গ্রুপে থাকা সব শিক্ষার্থীকে আসন অফার করতে পারবে না, তাহলে স্কুলটি প্রথমে সেই শিক্ষার্থীদের অফার করবে যাদের অ্যাক্সেস যোগ্য স্কুল প্রয়োজন এবং এরপর সেই অগ্রাধিকার গ্রুপের অন্যান্য শিক্ষার্থীদের যথেচ্ছভাবে অফার দেবে। অ্যাক্সেস যোগ্য স্কুল সম্পর্কে আরও জানতে পৃষ্ঠা 12 দেখুন।

শিক্ষার্থী তার আবেদনপত্রে যেসকল স্কুলের নাম লিখবে সেইসব স্কুলে ভর্তির জন্য বিবেচিত হবে। আবেদনপত্রে লেখা একাধিক স্কুলের জন্য যদি অফার দেওয়া যায় তাহলে শিক্ষার্থী তার তালিকায় লেখা প্রথম স্কুলের জন্য অফার পাবে। আপনি ভর্তির প্রক্রিয়া এবং কীভাবে অফার করা হয় সেই সম্পর্কে DOE-র তৈরি সংক্ষিপ্ত ভিডিওথেকে জানতে পারবেন।

## *6. আমি কীভাবে ঠিক করব যে কোথায় আবেদন করব?*

স্কুলের কী বিকল্প আছে তা দেখতে, MySchools.nyc ব্যবহার করুন যাতে আপনার জোন-অন্তর্গত স্কুল চিহ্নিত করতে এবং অন্যান্য পছন্দের স্কুল খুঁজতে পারেন। এই ওয়েবসাইটে আপনি নির্দিষ্ট প্রয়োজনীয়তা ও পছন্দ যেমন সাবওয়ে লাইনের নিকটবর্তিতা এবং এমন স্কুল যেগুলি আংশিক বা সম্পূর্ণভাবে অ্যাক্সেসযোগ্য এইসব অনুযায়ী ফিল্টার ব্যবহার করে স্কুল খুঁজতে পারবেন। এছাড়াও আপনি schoolsearch.schools.nyc-এ গিয়ে প্রতিটি স্কুলের ওয়েবপেজ পাবেন; স্কুলের ওয়েবপেজ থেকে আপনি "ডেটা ও রিপোর্ট"-এ ক্লিক করে স্কুল সম্পর্কে রিপোর্ট খুঁজে পাবেন। সব স্কুল তাদের স্কুল ঘুরিয়ে না দেখালেও, কিছু স্কুল ভার্চুয়াল ট্যুরের অফার করতে পারে বা তাদের কর্মীদের সাথে দেখা করার সুযোগ দিতে পারে। স্কুল দেখতে যাওয়া বা আরও তথ্যের জন্য আপনি প্রত্যেক স্কুলের সাথে যোগাযোগ

করতে পারেন। আরেকটি সহায়তামূলক রিসোর্স হলো স্কুলের ভিতরে, NYC পাবলিক স্কুলের একটি স্বতন্ত্র নির্দেশিকা।

আপনার এমন স্কুলে আবেদন করা উচিত যেখানে আপনার সন্তান উচ্চ অগ্রাধিকার পাবে, যেমন জোন-অন্তর্গত স্কুল বা যেখানে তার ভাইবোন পড়ে। (অগ্রাধিকারের তালিকার জন্য 5 নম্বর প্রশ্ন দেখুন।) MySchools.nyc-তে প্রতিটি স্কুলের পেজে "আমার সম্ভাবনা" নামক বিভাগ আছে যেখানে বলা আছে যে আগের বছরে কোন কোন অগ্রাধিকার গ্রুপ স্কুলের অফার পেয়েছে। যদিও প্রতি বছর স্কুলে আবেদন করা শিক্ষার্থীর সংখ্যা এক হবে না, তবু এই তথ্য থেকে আপনি এটি আন্দাজ করতে পারবেন যে সেই স্কুল থেকে আপনার সন্তানের অফার পাওয়ার সম্ভাবনা কতটা হতে পারে। যেমন, MySchools.nyc ডিরেক্টরিতে থাকা স্কুল পেজ থকে আপনি জানতে পারেন যে আগের বছরে কোনও স্কুল জোন-বহির্ভূত কোনও শিক্ষার্থীকে (ক্যাটাগরি 3-8) অফার দিয়েছে কি না। আপনার সন্তান যদি সেই শিক্ষার্থীদের ক্যাটাগরিতে না পড়ে যারা এই স্কুলে অফার পেয়েছিল, তাহলেও আপনি আবেদন করতে পারেন, কিন্তু আপনার জানা উচিত যে এই স্কুলে আপনার সন্তানের অফার পাওয়ার সম্ভাবনা কম এবং আপনার অন্য স্কুলেও আবেদন করা উচিত।

নিজের পছন্দ অনুযায়ী স্কুলের নাম ক্রমানুসারে লিখুন। আপনার জোন-অন্তর্গত স্কুলের নাম তালিকার নিচের দিকে লিখলে তাতে আপনার সন্তানের জোন-অন্তর্গত স্কুলে ভর্তি হওয়ার সম্ভাবনা নষ্ট হয় *না* যদি তালিকার উপরের দিকে লেখা স্কুলে জায়গা না থাকে। আপনি যে ক্রমানুসারে স্কুলের নাম লিখেছেন সেটি শুধু তখনই ব্যবহার করা হয় যখন আপনার তালিকাভুক্ত করা একের বেশি স্কুলে তাদের ভর্তির অগ্রাধিকারের ভিত্তিতে আপনার সন্তানের জন্য জায়গা থাকে। সোজা কথায়, আপনার আবেদনপত্রে তালিকাভুক্ত করা একাধিক স্কুলে যদি অফার করা যায়, তাহলে আপনি প্রথমে যে স্কুলের নাম লিখেছেন তার অফার পাবেন।

## *7. আমার সন্তান যদি আমার প্রথম পছন্দের স্কুলের জন্য অফার না পায় তাহলে কী হবে?*

আপনি যখন ভর্তির অফার বসন্তে পাবেন, আপনার উচিত অফার গ্রহণ করে যে স্কুলে আপনার সন্তান আসনের অফার পেয়েছে সেখানে রেজিস্টার করা যাতে সেই আসন হাতছাড়া না হয়ে যায়। যদি আপনি নিজের প্রথম পছন্দের স্কুলে অফার না পেয়ে থাকেন তাহলে আপনি যে স্কুলের অফার পেয়েছেন তার থেকে উপরের দিকে যেসব স্কুলের নাম আপনার আবেদনপত্রে লিখেছেন তার কোনও একটির অপেক্ষার তালিকায় আপনি থাকবেন। আসন উপলভ্য হলে, স্কুল তাদের ভর্তি হওয়ার অগ্রাধিকার এবং অপেক্ষার তালিকার ক্রমের উপর ভিত্তি করে অপেক্ষার তালিকা থেকে শিক্ষার্থীদের ডাকবে (5 নম্বর প্রশ্ন দেখুন)। যদি আপনার সন্তানের জন্য কোনও স্কুলে আসন উপলভ্য হয় তাহলে স্কুল আপনার সাথে সরাসরি যোগাযোগ করবে।

## *8. আমার সন্তান যদি কোনও স্কুল থেকই অফার না পায় তাহলে কী হবে?*

2019 সালে জন্মগ্রহণ করা সকল বাচ্চা সেপ্টেম্বার 2024-এ কিন্ডারগার্টেনের জন্য নিশ্চিতরূপে আসন পাবে। কিন্ডারগার্টেন অ্যাডমিশন প্রক্রিয়ার মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করা প্রতিটি বাচ্চা বসন্তে অফার পাবে। আপনি অফার না পেলে, DOE-কে এখানে ESenrollment@schools.nyc.gov ইমেল করুন, 718-935-2009 নম্বরে DOE-কে কল করুন, অথবা আপনার পারিবারিক স্বাগত কেন্দ্র বা অ্যাডভোকেট ফর চিলড্রেন এর হেল্পলাইন-এ যোগাযোগ করুন (যোগাযোগের তথ্যের জন্য 17 নম্বর প্রশ্ন দেখুন)।

## *9. আমি কিন্ডারগার্টেন অ্যাডমিশন প্রক্রিয়ায় অংশগ্রহণ না করলে কী হবে?*

আবেদনপত্র জমা দেওয়ার নির্ধারিত তারিখ পেরিয়ে গেলে, আপেক্ষার তালিকায় নিজের নাম তোলার জন্য আপনি নিজের জোন-অন্তর্গত স্কুল বা অন্য পছন্দের স্কুলে যোগাযোগ করতে পারেন। এছাড়াও আপনি MySchools.nyc-এ নিজের সন্তানের নাম স্কুলের অপেক্ষার তালিকায় যোগ করতে পারবেন। ভর্তি হওয়ার অগ্রাধিকার এবং অপেক্ষার তালিকার ক্রমের উপর ভিত্তি করে কোনও স্কুল যদি আপনাকে অফার করতে পারে তাহলে তারা সরাসরি আপনার সাথে যোগাযোগ করবে। আপনি কিন্ডারগার্টেন অ্যাডমিশন প্রক্রিয়ায় অংশগ্রহণ না করলে বা যদি গ্রীষ্মের সময় আসেন, তবুও আপনার সন্তানের সেপ্টেম্বার মাসে কিন্ডারগার্টেনে ভর্তি হওয়ার অধিকার আছে। আপনার সন্তানকে রেজিস্টার করাতে আপনাকে নিজের জোনের স্কুলে যোগাযোগ করতে হবে। অথবা আপনার সন্তানের জন্য কিন্ডারগার্টেনে জায়গা পেতে আপনি নিজের পারিবারিক স্বাগত কেন্দ্র-তে যোগাযোগ করতে পারেন (17 নম্বর প্রশ্ন দেখুন)। আপনার কোনও সমস্যা হলে, DOE-কে এখানে ESenrollment@schools.nyc.gov বা 718-935-2009 নম্বরে যোগাযোগ করুন অথবা অ্যাডভোকেট ফর চিলড্রেন এর হেল্পলাইন-এ কল করুন (যোগাযোগের তথ্যের জন্য 17 নম্বর প্রশ্ন দেখুন)।

## *10. আমার সন্তান যখন এমনিও তার জোনের স্কুলে ভর্তি হবে তাহলে আমি কেন কিন্ডারগার্টেন অ্যাডমিশন প্রক্রিয়ায় অংশগ্রহণ করব?*

বেশিরভাগ বাচ্চা তাদের জোনের স্কুলে গেলেও, কিন্ডারগার্টেন অ্যাডমিশন প্রক্রিয়ার মাধ্যমে আপনি যে স্কুলে নিজের সন্তানকে পাঠাতে চান সেই পছন্দের উল্লেখ করতে পারবেন। আপনি যদি নিজের সন্তানকে আপনার জোনের স্কুলে পাঠাতে চান তাহলেও আপনার ওখানে আবেদন করা উচিত। জোনের কিছু স্কুলে ভর্তি হওয়ার প্রক্রিয়া চলাকালীন স্থান পূরণ হয়ে যেতে পারে, তাই আপনি আবেদন না করলে আপনার বাচ্চাকে হয়তো আপনি যে ডিস্ট্রিক্টে থাকেন সেখানকার অন্য কোনও স্কুলে আসন দেওয়া হতে পারে। আপনি যদি আপনার সন্তানকে নিজের জোনের স্কুল ব্যাতিত অন্য স্কুলে পাঠাতে চান, তাহলে আপনার উচিত নিজের পছন্দের স্কুলে আবেদন করা যাতে সেখান থেকে অফার পাওয়ার সম্ভাবনা তৈরি হয়।

## *11. আমার সন্তানের জন্য অন্য পাবলিক স্কুল কিন্ডারগার্টেনের কী বিকল্প আছে?*

অন্যান্য আরও কিছু বিকল্প আছে যার মধ্যে এগুলি অন্তর্ভুক্ত:

- **চার্টার স্কুল:** চার্টার স্কুল হলো বিনামূল্যের পাবলিক স্কুল যা DOE-এর পরিবর্তে কোনও অলাভজনক ট্রাস্টি বোর্ড দ্বারা পরিচালিত হয়। এরা ডিস্ট্রিক্টে থাকা শিক্ষার্থীদের এবং সেই স্কুলের শিক্ষার্থীর ভাইবোনদের অগ্রাধিকার দেয়। যদি অনেক বেশি শিক্ষার্থী আবেদন করে আহলে তারা যথেচ্ছভাবে, যেমন কিনা লটারির মাধ্যমে শিক্ষার্থীদের বেছে নেয়। আপনি কমন চার্টার স্কুল অ্যাপলিকেশনএর মাধ্যমে চার্টার স্কুল খুঁজতে পারেন এবং অবিলম্বে একক চার্টার স্কুলে বা একাধিক স্কুলে আবেদন করতে পারেন। বেশিরভাগ আবেদন 1 এপ্রিলের মধ্যে জমা দিতে হয়।
- **ম্যাগনেট স্কুল:** ম্যাগনেট স্কুল DOE-র অন্তর্গত পাবলিক স্কুল যারা নির্দিষ্ট বিষয়ের উপর ভিত্তি করে নির্ধারিত পাঠ্যক্রম বা কারিকিউলাম ব্যবহার করে যেমন প্রযুক্তি অথবা কলা। উপরে বর্ণিত কিন্ডারগার্টেন অ্যাডমিশন প্রক্রিয়ার মাধ্যমে কোনও পরিবার ম্যাগনেট স্কুলে আবেদন করতে পারবে।
- **গিফটেড এবং ট্যালেন্টেড প্রোগ্রাম:** এইসব DOE-র প্রোগ্রামগুলি যোগ্য শিক্ষার্থীদের জন্য দ্রুত নির্দেশনা প্রদান করে। আপনার বাচ্চার কিন্ডারগার্টেন আবেদনপত্রে আপনি কোনও স্কুলের

গিফটেড এবং ট্যালেন্টেড প্রোগ্রামে আবেদন করতে পারেন। আপনি আবেদন করার পরে এই প্রোগ্রামের জন্য আপনার সন্তানের যোগ্যতা নির্ধারণ করা হবে।

## *12. যেসব শিক্ষার্থীর কোনও প্রতিবন্ধকতা আছে তাদের জন্য এই অ্যাডমিশন প্রক্রিয়া কীভাবে কাজ করে?*

এই কিন্ডারগার্টেন অ্যাডমিশন প্রক্রিয়ায় প্রতিবন্ধকতা থাকা শিক্ষার্থীদের পরিবার, IEP না থাকা ব্যক্তিদের মতো একই ভাবে অংশগ্রহণ করেন। এই প্রক্রিয়া চলাকালীন, একটি একক শিক্ষা কর্মসূচি (IEP) টিম স্কুল-বয়স বিশেষ শিক্ষা পরিষেবার ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন বাচ্চাদের জন্য কিন্ডারগার্টেন IEP গড়ে তুলবে।

শীতের শুরুতেই প্রিস্কুল IEP থাকা বাচ্চাদের পরিবার একজন DOE প্রতিনিধির যোগাযোগের তথ্য সহ স্কুল-বয়স বিশেষ শিক্ষা পরিষেবার জন্য সুপারিশের বিজ্ঞপ্তি পাবেন। DOE-র প্রতিনিধি পরিবারের সাথে যোগাযোগ করবেন এবং প্রয়োজন হলে নতুন পর্যবেক্ষণ বা মূল্যায়নের ব্যবস্থা করবেন। এরপর DOE-র প্রতিনিধি একটি IEP মিটিং এর সময় ঠিক করবেন যাতে নির্ধারণ করা যায় যে বাচ্চাটি স্কুল-বয়স বিশেষ শিক্ষা পরিষেবার জন্য যোগ্য কি না, এবং যোগ্য হলে, বাচ্চার কিন্ডারগার্টেন IEP যাতে তৈরি করা হয়।

- **প্রতিবেশী (অ-বিশেষায়িত) স্কুল প্রোগ্রাম (ডিসট্রিক্ট 1 থেকে 32)**

  কিন্ডারগার্টেন অ্যাডমিশন প্রক্রিয়া IEP থাকা শিক্ষার্থীদের সাথে আলাদা ব্যবহার করে *না*। প্রতিবন্ধকতা থাকা অধিকাংশ বাচ্চা সেই স্কুলে যাবে যেখানে তাদের কিন্ডারগার্টেন অ্যাডমিশন প্রক্রিয়ার মাধ্যমে ভর্তি করা হয়েছে, এবং স্কুলের দায়িত্ব হবে সেই বাচ্চার IEP অনুযায়ী কর্মসূচি ও পরিষেবা প্রদান করা। আপনার বাচ্চার IEP যদি "অ-বিশেষায়িত ডিসট্রিক্ট 1-32 স্কুল" প্রোগ্রাম (যেমন, বিশেষ শিক্ষা শিক্ষক সহায়তা পরিষেবা (SETSS), ইন্টিগ্রেটেড কো-টিচিং (ICT), অথবা কোনও অ-বিশেষায়িত ডিসট্রিক্ট 1-32 স্কুলে 12:1 বা 12:1:1 ক্লাস) সুপারিশ করে, তাহলে আপনার বাচ্চা তার IEP-এর উপর ভিত্তি করে কোনও বিশেষ স্থান পাবে **না**। বরং, আপনার বাচ্চাটি কিন্ডারগার্টেন অ্যাডমিশন প্রক্রিয়ার মাধ্যমে অফার করা স্কুলে যাবে। আপনার বাচ্চার IEP-তে যদি অ-বিশেষায়িত ডিসট্রিক্ট 1-32 স্কুলের সুপারিশ থাকে, এবং স্কুল আপনাকে জানায় যে আপানর বাচ্চার জন্য আবশ্যক IEP কর্মসূচি সেই স্কুলে প্রদান করতে পারবে না, তাহলে আপনাকে DOE-র বিশেষ শিক্ষা কার্যালয় ইমেল করতে হবে turning5@schools.nyc.gov এবং কপিতে অ্যাডভোকেটস ফর চিলড্রেন কে রাখতে হবে kindergarten@afcnyc.org, DOE-র বিশেষ শিক্ষা কার্যালয়ের 718-935-2007 নম্বরে কল করতে হবে বা অ্যাডভোকেটস ফর চিলড্রেন হেল্পলাইন-এ কল করতে হবে (যোগাযোগের তথ্যের জন্য 17 নম্বর প্রশ্ন দেখুন)। আপনার বাচ্চার অধিকার আছে সেই স্কুলে যাওয়ার যে স্কুল তার IEP অনুযায়ী কর্মসূচি অফার করবে। যে স্কুল আপনার বাচ্চাকে ভর্তি করেছে তাদের যদি আপনার বাচ্চার IEP-তে দেওয়া কর্মসূচি না থাকে (যেমন, ICT বা 12:1:1), তাহলে DOE-এর বিশেষ শিক্ষা কার্যালয় এটি সুনিশ্চিত করবে যাতে স্কুলটি এই ধরনের ক্লাস শুরু করে অথবা যে স্কুলে আপনার বাচ্চার IEP বিশিষ্ট কর্মসূচি আছে সেখানে ট্রান্সফার করার অনুমতি দেয়।

- **আশেপাশের (অ-বিশেষায়িত) স্কুলে এবং বিশেষায়িত স্কুলে (ডিসট্রিক্ট 75) বিশেষায়িত কর্মসূচি (ডিসট্রিক্ট 1 থেকে 32)**

  IEP-তে আছে এমন কিছু বাচ্চাদের আরও বিশেষায়িত সহায়তার প্রয়োজন হয়, যেমন দ্বিভাষিক বিশেষ শিক্ষা কর্মসূচি সেই বাচ্চাদের জন্য যাদের IEP-তে ইন্টিগ্রেটেড কো-টিচিং (ICT) বা তাদের মাতৃভাষায় বিশেষ ক্লাসের উল্লেখ আছে। এই দ্বিভাষিক বিশেষ শিক্ষা কর্মসূচি প্রতিটি ডিসট্রিক্ট 1 থেকে 32 স্কুলে উপলভ্য নয়। সেই কারণে, আপনার বাচ্চার IEP অনুযায়ী যদি দ্বিভাষিক বিশেষ শিক্ষা ক্লাসের প্রয়োজন হয় তাহলে হয়তো কিন্ডারগার্টেন অ্যাডমিশন প্রক্রিয়ার মাধ্যমে আপনার

বাচ্চা যে স্কুলে ভর্তি হয়েছে তার বিকল্পস্বরূপ 15 জুন 2024 এর মধ্যে DOE আপনাকে সেই স্কুল অফার করবে যাদের কাছে সুপারিশ করা কর্মসূচি রয়েছে।[2] DOE যদি আপনার বাচ্চার IEP-তে সুপারিশ করা দ্বিভাষিক বিশেষ শিক্ষা কর্মসূচি সম্পন্ন স্কুল অফার করতে না পারে তাহলে DOE-কে অবশ্যই অতিরিক্ত সহায়তা প্রদান করতে হবে, যেমন যে স্কুল থেকে আপনি অফার পেয়েছেন সেখানে একজন দ্বিভাষিক সহপেশাদারের ব্যবস্থা করা। বর্তমানে, DOE শুধুমাত্র স্পেনীয় এবং চীনা ভাষায় দ্বিভাষিক বিশেষ শিক্ষার ক্লাস প্রদান করে। দ্বিভাষিক বিশেষ শিক্ষা কর্মসূচি এবং প্লেসমেন্ট সম্পর্কিত প্রশ্নের জন্য আপনি DOE কে এখানে BSEprograms@schools.nyc.gov যোগাযোগ করতে পারেন।

সকল পরিবার বিশেষায়িত কর্মসূচির জন্য আবেদন করতে পারেন যেমন অটিজম এর ক্ষেত্রে যোগ্য বাচ্চাদের জন্য ASD নেস্ট অথবা দ্য ASD হোরাইজন প্রোগ্রাম, মেধা প্রতিবন্ধকতার ক্ষেত্রে যোগ্য বাচ্চাদের জন্য ACES প্রোগ্রাম, এবং I READ প্রোগ্রাম সেই শিক্ষার্থীদের জন্য যাদের প্রতিবন্ধকতার কারণে পড়তে অসুবিধে হয়। কিন্ডারগার্টেন অ্যাডমিশন প্রক্রিয়ার থেকে এইসব কর্মসূচির জন্য আবেদন করার প্রক্রিয়া ভিন্ন। যেহেতু এই ধরনের বিশেষায়িত কর্মসূচি প্রতিটি ডিসট্রিক্ট 1থেকে 32 স্কুলে উপলভ্য নয়, বসন্তে যেসকল পরিবার চিঠি গ্রহণ করেছেন DOE তাদের স্কুল প্লেসমেন্টের তথ্য প্রদান করবে।

আরও প্রগাঢ় চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের বিশেষায়িত স্কুল প্লেসমেন্টের প্রয়োজন হতে পারে, যা ডিসট্রিক্ট 75 হিসেবে পরিচিত। শিক্ষার্থীর IEP সুপারিশ অনুযায়ী DOE শিক্ষার্থীদের ডিসট্রিক্ট 75 স্কুলে স্থান দেবে। কোনও পরিবার ডিসট্রিক্ট 75 স্কুলে আবেদন করতে পারবেন না। যদিও, যেসব বাচ্চাদের অটিজমের সমস্যা আছে তাদের পরিবার থেকে AIMS প্রোগ্রাম-এ আবেদন করতে পারেন যা কিছু ডিসট্রিক্ট 75 স্কুলে উপলভ্য কিন্তু সবগুলিতে নয়।

আপনার বাচ্চার IEP-এর প্রয়োজনীয়তা অনুযায়ী যে স্কুলে কর্মসূচি আছে সেখান থেকে আপনি যদি প্লেসমেন্টের অফার না পান তাহলে আপনার উচিত DOE-র বিশেষ শিক্ষা কার্যালয়তে ইমেল করা turning5@schools.nyc.gov এবং কপিতে অ্যাডভোকেটস ফর চিল্ডরেন কে রাখা kindergarten@afcnyc.org, DOE-র বিশেষ শিক্ষা কার্যালয়ের 718-935-2007 নম্বরে কল করা বা AFC-এর হেল্পলাইন-এ কল করা (যোগাযোগের তথ্যের জন্য 17 নম্বর প্রশ্ন দেখুন)।

প্রিস্কুল থেকে কিন্ডারগার্টেনের বিশেষ শিক্ষা পরিষেবাতে যাওয়ার বিষয়ে আরও তথ্যের জন্য অ্যাডভোকেটস ফর চিল্ডরেন এর Turning 5 Guide পড়ুন বা DOE's Moving to Kindergarten ওয়েবসাইটে যান।

► **অ্যাক্সেসযোগ্য স্কুল**

শুধুমাত্র কিছু স্কুল বাধা-মুক্ত বা হুইলচেয়ারে অ্যাক্সেস করার যোগ্য। কোন স্কুল সম্পূর্ণরূপে অ্যাক্সেসযোগ্য (যেখানে ব্যক্তির চলাফেরা, দৃষ্টিশক্তি বা শ্রবণশক্তির সীমাবদ্ধতা নির্বিশেষে সম্পূর্ণ বিল্ডিংটি সবার জন্য উপলভ্য), কোনগুলি আংশিকভাবে অ্যাক্সেসযোগ্য (যেখানে বিল্ডিঙের কিছুটা অংশ সেই সকল ব্যক্তি ব্যবহার করতে পারবেন বা তাদের জন্য উপলভ্য যাদের চলাফেরা, দৃষ্টিশক্তি বা শ্রবণশক্তি সীমিত) এবং কোনগুলি একেবারেই অ্যাক্সেসযোগ্য নয় সেই সম্পর্কে তথ্যের জন্য আপনি MySchools.nyc দেখতে পারেন। আংশিক বা সম্পূর্ণরূপে

[2] 1লা মার্চের আগে প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবা পাওয়া অথবা 1লা মার্চের আগে বিশেষ শিক্ষা পরিষেবার জন্য সুপারিশ করা শিক্ষার্থীরা 15ই জুন এর মধ্যে প্লেসমেন্ট সংক্রান্ত বিজ্ঞপ্তি পেয়ে যাবে। মার্চ মাসে সুপারিশ করা শিক্ষার্থীরা 15ই জুলাই এর মধ্যে প্লেসমেন্ট সংক্রান্ত বিজ্ঞপ্তি পেয়ে যাবেন, এবং 1লা এপ্রিল থেকে 10ই মে এর মধ্যে সুপারিশ করা শিক্ষার্থীরা 15ই অগাস্টের মধ্যে প্লেসমেন্ট সংক্রান্ত বিজ্ঞপ্তি পাবে। 10ইমে এর পরে প্রথমবার সুপারিশ করা শিক্ষার্থীরা মূল্যায়নের সম্মতিতে তাদের মাতাপিতা যে তারিখে সই করবেন সেদিন থেকে 60 স্কুল দিবসের মধ্যে প্লেসমেন্ট পেয়ে যাবে।

অ্যাক্সেসযোগ্য স্কুলের ক্ষেত্রে বিল্ডিং অ্যাক্সেস করার প্রোফাইল-এর লিঙ্ক অন্তর্ভুক্ত থাকবে যেখানে স্কুলের অ্যাক্সেস সম্পর্কে বিশদ বিবরণ পাওয়া যাবে। এছাড়াও আপনি স্কুলের অ্যাক্সেসযোগ্যতার উপর ফিল্টার করে আপনার বাচ্চার প্রয়োজনানুসারে উপযুক্ত স্কুল খুঁজে সেখানে আবেদন করতে পারেন।

এই ধরনের বাচ্চা যাদের অ্যাক্সেসযোগ্য স্কুলের প্রয়োজন তাদের পরিবারকে কিন্ডারগার্টেন অ্যাডমিশন প্রক্রিয়ার মাধ্যমে আবেদন করতে হবে। এছাড়াও এমন পরিবারকে কিন্ডারগার্টেন অ্যাপলিকেশনের প্রশ্নের উত্তর দিতে হবে যা তাদের বাচ্চার অ্যাক্সেসযোগ্যতা সম্পর্কে জিজ্ঞাসা করবে। যেসব বাচ্চার অ্যাক্সেসযোগ্য স্কুল প্রয়োজন তারা নিজেদের ভর্তির অগ্রাধিকার গ্রুপে অন্য শিক্ষার্থীদের আগে অফার পাবে। 5 নম্বর প্রশ্ন দেখুন। ভর্তির প্রক্রিয়ায় সাহায্যপ্রার্থী পরিবার DOE-র সাথে accessibleadmissions@schools.nyc.gov বা esenrollment@schools.nyc.gov-এ যোগাযোগ করতে পারেন।

যেসব শিক্ষার্থীদের বাধামুক্ত বা অ্যাক্সেসযোগ্য স্কুলের আবশ্যকতা রয়েছে তারা যদি কিন্ডারগার্টেন অ্যাডমিশন প্রক্রিয়ার মাধ্যমে ইতিমধ্যেই প্লেসমেন্ট না পেয়ে থাকেন তাহলে।5ই জুনের মধ্যে প্লেসমেন্ট পাবেন। অনুগ্রহ করে মনে রাখবেন আপনি যে স্কুল থেকে কিন্ডারগার্টেন অ্যাডমিশন প্রক্রিয়ার মাধ্যমে অফার পেয়েছিলেন তার থেকে এটি আলাদা হতে পারে, এবং আপনাকে নিজের বাচ্চাকে জুন মাসে অফার করা নতুন স্কুলে রেজিস্টার করাতে হবে যাতে আপনার বাচ্চা তার IEP অনুযায়ী কর্মসূচি এবং পরিষেবা পেতে পারে। আপনার বাচ্চাকে যে স্কুল অফার করা হয়েছে সেটি যদি আপনি বা আপনার বাচ্চা অ্যাক্সেস করতে না পারেন, তাহলে আপনি স্কুলে অ্যাক্সেসযোগ্যতা ভালো করার জন্য জায়গার অনুরোধ করতে DOE-র সাথে accessibility@schools.nyc.gov-এ যোগাযোগ করতে পারেন। সেটা যদি সম্ভব না হয় তাহলে আপনার হয়তো নতুন প্লেসমেন্ট লাগবে এবং এর জন্য আপনাকে accessibleadmissions@schools.nyc.gov ও turning5@schools.nyc.gov-এ যোগাযোগ করতে হবে।

## *13. যে বাচ্চারা ইংরেজি শিখছে, যাকে ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার (ELLs) ও বলা হয়ে থাকে তাদের জন্য ভর্তির প্রক্রিয়া কীভাবে কাজ করে?*

ELL অন্তর্গত পরিবার কিন্ডারগার্টেন অ্যাডমিশন প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবেন এবং এটাই করা উচিত। অ্যাডমিশন প্রক্রিয়ার মাধ্যমে DOE আপনার বাচ্চাকে কোনও স্কুলে একবার ভর্তি করে দিলে, আপনাকে স্কুলের একজন শিক্ষক বা প্রশাসকের সাথে হোম ল্যাঙ্গুয়েজ আইডেন্টিফিকেশন সার্ভে (HLIS) সংক্রান্ত কাজ সম্পন্ন করতে হবে। এই সমীক্ষার ফলে স্কুলের কর্মীরা জানতে পারেন যে আপনি বাড়িতে কোন ভাষায় কথা বলেন। সমীক্ষায় যদি বেরিয়ে আসে যে শিক্ষার্থী তার বাড়িতে ইংরেজি বাদে অন্য ভাষার ব্যবহার করে, তখন তারা নিউ ইয়র্ক স্টেট আইডেন্টিফিকেশন টেস্ট ফর ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স (NYSITELL)-এর ব্যবস্থা করতে পারেন। এই পরীক্ষাটি শিক্ষার্থীর ইংরেজির জ্ঞান সম্পর্কে মূল্যায়ন করে এবং তার ইংরেজি শেখার জন্য কোনও সহায়তা কর্মসূচি বা পরিষেবার প্রয়োজন আছে কি না সেটি নির্ধারণ করে। আপনার বাচ্চা ELL সহায়তা ও পরিষেবার অধিকারী কি না সেটি এই পরীক্ষার ফলাফলের উপর নির্ভর করে।

নিউইয়র্ক সিটি স্কুলে তিনটি প্রধান ইংরেজি ভাষা শেখার কর্মসূচি রয়েছে: ডুয়াল ল্যাঙ্গুয়েজ, ট্রানজিশনল বাইলিঙ্গুয়াল এডুকেশন (TBE), এবং নতুন ভাষা হিসেবে ইংরেজি (ENL) (যা আগে ESL ছিল)।

- **ডুয়াল ল্যাঙ্গুয়েজ** ELL এবং যাদের মাতৃভাষা ইংরেজি তারা একই ক্লাসরুমে বসে একসাথে শেখে কিন্তু দুটি ভাষায় নির্দেশাবলী পায় যাতে উভয় গ্রুপের শিক্ষার্থীরা দুটি ভাষাতেই পড়তে, লিখতে এবং কথা বলতে শিখতে পারে।
- **ট্রানজিশনল বাইলিঙ্গুয়াল এডুকেশন (TBE):** শিক্ষার্থীরা ইংরেজিতে এবং তার মাতৃভাষায় নির্দেশ পায়। সময়ের সাথে যখন শিক্ষার্থীর ইংরেজি ভালো হতে থাকে, তখন ইংরেজি শেখার সময় বাড়িয়ে দেওয়া হয় এবং মাতৃভাষার জন্য ব্যয় করা সময় কমে যায়।
- **নতুন ভাষা হিসেবে ইংরেজি (ENL):** শিক্ষার্থীরা পুরোপুরি ইংরেজিতে নির্দেশ পায় এবং অতিরিক্ত সাহায্য পায় যাতে তারা ইংরেজিতে কথা বলতে, পড়তে ও লিখতে পারে।

সব স্কুল ENL নির্দেশাবলী প্রদান করে। ডুয়াল ল্যাঙ্গুয়েজ কর্মসূচিতে আবেদন করার জন্য আপনি এখানে MySchools.nyc যেতে পারেন। এছাড়াও আপনি 2022-2023 স্কুল বছরের জন্য অফার করা ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রাম-এর তালিকা দেখতে পারেন। ELL কর্মসূচি সম্পর্কে সর্বশেষ তথ্য পেতে, স্কুলের সাথে সরাসরি যোগাযোগ করুন।

আপনি ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রামে আগ্রহী হলে, আপনার কিন্ডারগার্টেন আবেদনপত্রে সেগুলি লিখবেন স্কুলের ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রামের নির্দিষ্ট কোড ব্যবহার করে (যেমন, স্পেনীয় ভাষার জন্য একটি স্কুলের কোড:03M084SP)। আপনি যদি স্কুলের ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রাম এবং স্কুলের সাধারণ কর্মসূচিতে আবেদন করতে চান তাহলে আপনাকে স্কুলের ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রামের কোড এবং স্কুলের সাধারণ কর্মসূচির কোড নিজের পছন্দের ভিত্তিতে আবেদনপত্রে লিখতে হবে। ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রামের লক্ষ্য হলো ভারসাম্যপূর্ণ সংখ্যার ELL এবং ইংরেজি-ভাষী শিক্ষার্থী। সেই কারণে কিছু আসন ELL-দের জন্য সংরক্ষিত হতে পারে। এইসব কর্মসূচির জন্য কিন্ডারগার্টেন আবেদনপত্রে ফলো-আপ প্রশ্ন আপনার বাচ্চার মাতৃভাষা সম্পর্কে এবং মাতৃভাষা ও ইংরেজি উভয়ের ক্ষেত্রে আপনার বাচ্চার দক্ষতার স্তর সম্পর্কে জিজ্ঞাসা করবে। বাচ্চার মাতৃভাষা ও ইংরেজির দক্ষতা নির্ধারণ করতে স্কুল মূল্যায়ন এবং বাচ্চার সাথে একটি সাক্ষাতকার করতে পারে।

আপনার বাচ্চা যে স্কুলেই ভর্তি হোক না কেন, আপনার বাচ্চার যদি ELL-এর জন্য কোনও কর্মসূচির প্রয়োজন হয় আপনি নিজের বিকল্প সম্পর্কিত তথ্য পাবেন এবং বাইলিঙ্গুয়াল বা ENL কর্মসূচির অনুরোধ করতে পারবেন। সব স্কুল ENL নির্দেশাবলী প্রদান করে এবং সব স্কুলের কাছে এটি প্রত্যাশিত যে তারা একটি TBE বা ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রাম চালু করবে যখন একটি গ্রেডে বা দুটি পরপর গ্রেডে একটি একক ভাষার জন্য কমপক্ষে 15টি ELL-এর পরিবার এই কর্মসূচির জন্য অনুরোধ জানাবে। আপনার স্কুল যদি কোনও TBE বা ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রাম চালু না করে, আপনি নিজের স্কুলের মাধ্যমে বা পারিবারিক স্বাগত কেন্দ্র-তে যোগাযোগ করে এমন স্কুলে ট্রান্সফারের জন্য অনুরোধ জানাতে পারেন যেখানে বাইলিঙ্গুয়াল কর্মসূচি আছে।

এইসব কর্মসূচির বিকল্প সম্পর্কিত আরও তথ্যের জন্য অভিবাসী শিক্ষার্থী ও ইংরেজি ভাষার পড়ুয়াএবং DOE-র ইংরেজি ভাষা শেখার ওয়েবসাইট এর জন্য AFC-এর ওয়েবসাইট দেখুন। আপনার এখনও কোনও প্রশ্ন থাকলে, আপনি DOE-কে এখানে DML@schools.nyc.gov যোগাযোগ করতে পারেন।

## *14. আমি যদি অন্য কোনও পরিবারের সাথে বা অস্থায়ী আবাসনে থাকি তাহলে কীভাবে আমার বাসস্থানের প্রমাণ দেব?*

আপনি যদি অন্য কোনও পরিবারের সাথে থাকেন বা কোনও পরিবার আপনাকে সাবলেট করেছে, এবং লিজ সেই পরিবারের নামে রয়েছে সেক্ষেত্রে আপনার কাছে নিজের ঠিকানা প্রমাণ করার কাগজপত্র আপনার নামে নাও থাকোতে পারে। আপনাকে যে স্কুল অফার করা হয়েছে সেখানে যখন

রেজিস্টার করতে যাবেন, আপনাকে নিজের ঠিকানার প্রমাণস্বরূপ দুটি অন্য নথি সহ "বাসস্থানের পিতামাতার আফিডেফিট" আনতে হবে যেটি সই করা এবং বিশেষত আপনার ও প্রধান লীজ হোল্ডার/ভাড়াটের নোটারাইজ করা থাকবে যে আপনি ওই ঠিকানায় থাকেন। যেসকল পরিবার অস্থায়ী আবাসনে থাকেন তাদের এই নথিপত্র আনার প্রয়োজন **নেই**।

আপনি যদি অস্থায়ী আবাসনে থাকেন যেমন কোনও আশ্রয়স্থল বা অন্য কোনও পরিবারের সাথে কারণ আপনার নিজের আবাসন হাত ছাড়া হয়ে গেছে, তাহলেও আপনি কিন্ডারগার্টেনের জন্য আবেদন করতে পারবেন। আপনি MySchools.nycএই নিজের অস্থায়ী ঠিকানা টাইপ করে বা 311 নম্বরে কল করে নিজের ডিসট্রিক্ট এবং জোনের স্কুল সম্পর্কে জানতে পারবেন (3 নম্বর প্রশ্ন দেখুন)। আপনার কাছে নিজের ঠিকানার যদি দুটি প্রমাণপত্র না থাকে তাহলে চিন্তা করবেন না! রেজিস্টার করার সময়ে স্কুলকে জানান যে আপনি অস্থায়ী আবাসনে থাকেন। স্কুল আপনাকে অবশ্যই আপাতত তালিকাভুক্ত করে নেবে। আপনার ঠিকানার প্রমাণ বা অন্যান্য নথিপত্র নেই বলে স্কুল আপনার বাচ্চাকে ভর্তি করতে অস্বীকার করতে পারবে না। স্কুল যদি আপনার কাছে আপনার ঠিকানার কোনও ধরনের প্রমাণ চায়, আপনি নিজের আশ্রয়স্থল থেকে একটি চিঠি দিতে পারেন বা আপনি DOE-কে হোম ভিজিটের ব্যবস্থা করতে বলতে পারেন। আপনি কোনও সমস্যার সম্মুখীন হলে আপনার স্কুল ডিস্ট্রিক্টের আঞ্চলিক ব্যবস্থাপক-কে কল করুন।

সব শিক্ষার্থীর জন্য, আপনার যদি নিজের ঠিকানার প্রমাণ সংক্রান্ত কোনও প্রশ্ন বা সমস্যা থাকে, স্কুল আপনার বাচ্চাকে "অস্থায়ী" (সাময়িক) ভিত্তিতে ভর্তি করতে পারবে। আপনার বাচ্চা যে স্কুলে যাবে, সেই স্কুল এরপরে ঠিকানার অনুসন্ধান শুরু করতে পারে। আপনার বাচ্চা যদি এমন ঠিকানায় থাকে যেখান থেকে বর্তমান স্কুলে যাওয়া তার পক্ষে অনুপযোগী, সেক্ষেত্রে আপনার বাচ্চাকে অন্য স্কুলে ট্রান্সফার করা হবে কি না সেটি DOE ঠিক করবে। ট্রান্সফারের সিদ্ধান্ত আপনি লিখিতভাবে পাবেন এবং আপনি এই সিদ্ধান্ত আপিল করতে পারবেন।

## *15. স্কুলে যাওয়ার জন্য আমার বাচ্চা কি পরিবহনের সুবিধে পাবে?*

কিন্ডারগার্টেনে, স্কুল যদি আপনার বাড়ি থেকে আধ মাইলের বেশি হাঁটা পথ হয় তাহলে আপনার বাচ্চা MetroCard বা অন্যান্য পরিবহনের জন্য যোগ্য বিবেচিত হবে। (তৃতীয় গ্রেড থেকে, আপনার বাচ্চা পরিবহন শুধুমাত্র তখন পাবে যদি স্কুল এক মাইল থেকে বেশি দূরে হয়।) আপনার বাচ্চা হলুদ স্কুল বাসে পরিবহন পাবে যদি স্কুলটি *আপনার ডিস্ট্রিক্টে হয়,* স্কুলটি হলুদ বাস পরিষেবার জন্য আবেদন জানিয়ে থাকে এবং আপনার বাড়ির কাছে একটি স্টপ আছে বা তৈরি করা যেতে পারে। এছাড়াও, আশ্রয়স্থলে থাকা কিন্ডারগার্টেনের শিক্ষার্থীরা হলুদ বাস পরিষেবার জন্য যোগ্য, এবং ফস্টার কেয়ারে থাকা কিন্ডারগার্টেনের শিক্ষার্থীরা যে ডিস্ট্রিক্টে থাকে তার বাইরে কোনও স্কুলে গেলেও যোগ্য হতে পারে। কোনও বাস রুট না থাকলে আপনার বাচ্চা MetroCard পাবে। বিশেষ চাহিদা সম্পন্ন বাচ্চারা তাদের IEP-তে সুপারিশ করা থাকলে ডোর-টু-ডোর বাসের ব্যবস্থা বা অন্য বিশেষায়িত পরিবহন অন্তর্ভুক্তির অধিকারী হতে পারবেন। আরও জানতে, ছাত্র পরিবহন অফিসে যোগাযোগ করুন এই (718) 392-8855 নম্বরে বা pupiltransportationteam@schools.nyc.gov এবং EarlyChildhoodBusing@schools.nyc.gov.

## *16. আমার বাচ্চার কিন্ডারগার্টেন প্লেসমেন্ট যদি আমার পরিবারের পক্ষে কষ্টকর হয় সেক্ষেত্রে কী হবে?*

আপনার বাচ্চার কিন্ডারগার্টেন প্লেসমেন্ট যদি আপনার পরিবারের পক্ষে কষ্টকর হয় তাহলে আপনাকে নিজের পারিবারিক স্বাগত কেন্দ্র-তে যোগাযোগ করতে হবে (17 নম্বর প্রশ্ন দেখুন)। ট্রান্সফার

করার বিষয়টি শিশু সেবা, ভাইবোন, নিরাপত্তা এবং চিকিৎসার সমস্যা সংক্রান্ত নথিভুক্ত ক্লেশের ক্ষেত্রে পর্যালোচনা করা হয়। যেমন, আপনি নতুন স্কুলে প্লেসমেন্ট পেতে পারেন যদি স্কুলটি আপনার কাজের জায়গা থেকে বা আপনার বাচ্চার স্কুল-পরবর্তী শিশু সেবার লোকেশন থেকে অনেক দূরে হয়, অথবা আপনার বাচ্চার ভাইবোন অন্য কোনও স্কুলে যায়। এছাড়াও আপনি মেডিকাল/ন্যায়সঙ্গত অ্যাকোমোডেশন ট্রান্সফার পেতে পারেন যদি আপনি কোনও ডাক্তারের চিঠি দিতে পারেন যেখানে এটির ব্যাখ্যা থাকবে যে কেন আপনার বাচ্চার অন্য স্কুল দরকার বা বাচ্চার মাতাপিতা হিসেবে আপনি সেই স্কুল অ্যাক্সেস করতে পারছেন না যেখানে সে ভর্তি হয়েছে। আপনি গ্রীষ্মে যেকোনও সময়ে আপনার অনুরোধের বিষয়ে আলোচনা করতে পারিবারিক স্বাগত কেন্দ্রে যোগাযোগ করতে পারেন। আপনার অবগত থাকা উচিত যে DOE শুধুমাত্র এমন স্কুলে আপনার বাচ্চাকে ট্রান্সফার করতে পারবে যেখানে আসন উপলভ্য আছে, এবং এমন কোনও নিশ্চিতকরণ নেই যে ট্রান্সফারের অনুরোধ গ্রাহ্য করা হবে।

## *17. আরও তথ্যের জন্য আমি কোথায় যেতে পারি?*

কিন্ডারগার্টেনে ভর্তি সম্পর্কিত রিসোর্স DOE-র ওয়েবসাইটে schools.nyc.gov/kindergarten উপলভ্য।

কোনও পরিবারের কিন্ডারগার্টেন অ্যাডমিশন প্রক্রিয়া সংক্রান্ত প্রশ্ন থাকলে তারা DOE-র কিন্ডারগার্টেন অ্যাডমিশন টিমের সাথে এখানে ESenrollment@schools.nyc.gov বা 718-935-2009 নম্বরে যোগাযোগ করতে পারবেন। এছাড়াও পরিবার পারিবারিক স্বাগত কেন্দ্র-তে পরের পাতায় দেওয়া ইমেল অ্যাড্রেসে যোগাযোগ করতে পারবেন।

| বোরো | ডিসট্রিক্ট | ইমেল অ্যাড্রেস |
|---|---|---|
| ব্রঙ্কস | 7, 9, 10 | FordhamFWC@schools.nyc.gov |
| ব্রঙ্কস | 8, 11, 12 | ZeregaFWC@schools.nyc.gov |
| ব্রুকলিন | 13, 14, 15, 16 | ParkPlaceFWC@schools.nyc.gov |
| ব্রুকলিন | 19, 23, 32 | StMarksFWC@schools.nyc.gov |
| ব্রুকলিন | 17, 18, 22 | OceanFWC@schools.nyc.gov |
| ব্রুকলিন | 20, 21 | 89thFWC@schools.nyc.gov |
| ম্যানহ্যাটন | 1, 2, 4 | 333FWC@schools.nyc.gov |
| ম্যানহ্যাটন | 3, 5, 6 | MorningsideFWC@schools.nyc.gov |
| কুইনস | 24, 30 | QueensPlazaNFWC@schools.nyc.gov |
| কুইনস | 25, 26 | LindenFWC@schools.nyc.gov |
| কুইনস | 27, 28, 29 | SutphinFWC@schools.nyc.gov |
| স্ট্যাটেন আয়ল্যান্ড | 31 | PetridesFWC@schools.nyc.gov |

পারিবারিক স্বাগত কেন্দ্র-তে কীভাবে অ্যাপয়েন্টমেন্ট ঠিক করবেন তার জন্য লোকেশন ও তথ্যের জন্য DOE-র ওয়েবসাইট দেখুন।

এছাড়াও আপনি সোমবার থেকে বৃহস্পতিবার সকাল 10টা থেকে বিকেল 4টে পর্যন্ত 1-866-427-6033 নম্বরে AFC-এর হেল্পলাইনে কল করতে পারেন।

**অ্যাডভোকেটস ফর চিল্ড্রেন অব নিউইয়র্ক, ইঙ্ক.**
151 West 30th Street, 5th Floor, New York, NY 10001
জিল চিফ্যাট এডুকেশন হেল্পলাইন: 1-866-427-6033 (বিনামূল্যে)
সোমবার থেকে বৃহস্পতিবার, সকাল 10টা থেকে বিকেল 4টে পর্যন্ত
www.advocatesforchildren.org

*এই নির্দেশিকা কোনও আইনি পরামর্শ প্রদান করে না। এই নির্দেশিকা AFC-র মতামত উল্লেখ না করেই বিদ্যমান নীতিগুলি সংক্ষিপ্ত করার চেষ্টা করে। আপনার কোনও আইনগত সমস্যা হলে, অনুগ্রহ করে কোনও উকিল বা অ্যাডভোকেটের সাথে যোগাযোগ করুন।*

কপিরাইট © অ্যাডভোকেটস ফর চিল্ড্রেন অব নিউইয়র্ক, ইঙ্ক. দ্বারা নভেম্বর 2023